

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৭৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ওয়কারী ব্যক্তির জন্য কুলি করা ও নাকে পানি দেওয়ার বিবরণ

ذِكْرُ وَصنْفِ الْمَضمْضَةِ وَالْاسْتِنْشَاقِ لِلْمُتَوَضِيِّ فِي وَضنُوئِهِ

الصفحة أو الرقم: 1074 ا خلاصة حكم المحدث:. صحيح.

আরবী

1074 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَى قَالَ: حَدَّتَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ قَالَ: حَدَّتَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ قَالَ: حَدَّتَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ قَالَ: حَدَّتَنَا الْعَبُ بْنُ خَالِدِ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ قَالَ: شَهِدْتُ عَمْرَو بْنَ أَبِي حَسَنِ سَأَلَ عَبْدَ اللَّهِ بْنَ زَيْدٍ عَنْ وُضُوءِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَعَا بِتَوْرٍ مِنْ مَاءٍ فَأَكُفَأَ عَلَى يَدهِ فَغَسَلَ يَدَهُ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ وَجْهَهُ تَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ وَجْهَهُ تَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ وَجْهَهُ تَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ وَجْهَهُ تَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ وَرَاعَيْهِ مَرَّيَيْنِ إِلَى الْمِرْفَقَيْنِ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَمَسَحَ بِرَأُسِهِ فَأَقْبُلَ وَأَدْبَلَ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَمَسَحَ بِرَأُسِهِ فَأَقْبُلَ وَأَدْبَلَ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ رَجِلِيهِ إلَى الْمَرْفَقَيْنِ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَمَسَحَ بِرَأُسِهِ فَأَقْبُلَ وَأَدْبَلَ ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَعَسَلَ رَجِليه إلى الكعبين. الراوي : عَبْدَ اللَّه بْن زَيْدٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

১০৭৪. আমর বিন আবু হাসান আব্দুল্লাহ বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহুকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওয়ূ প্রসঙ্গে জিজ্ঞাসা করলে তিনি এক পাত্র পানি আনতে বললেন। অতঃপর তিনি পানি তার হাতের উপর ঢাললেন এবং তিনবার হাত ধৌত করলেন। তারপর আবার পাত্রে হাত প্রবেশ করান অতঃপর তিন অঞ্জলি পানি নিয়ে তিনবার কুলি করেন এবং নাকে পানি দেন। তারপর তিনি আবার পাত্রে হাত প্রবেশ করান অতঃপর দুই হাত কনুই পর্যন্ত ধৌত করেন। তারপর তিনি আবার হাত পাত্রে প্রবেশ করান অতঃপর তিনি মাথা মাসেহ করেন; হাত সামনে থেকে পশ্চাতে এবং পশ্চাত থেকে সামনে নিয়ে আসেন। তারপর তিনি আবার হাত পাত্রে প্রবেশ করান অতঃপর টাখনু পর্যন্ত দুই পা ধৌত করেন।"[1]



ফুটনোট

[1] সহীহ বুখারী: ১৮৬; সহীহ মুসলিম: ২৩৫; সুনান বাইহাকী: ১/৫০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮; তিরমিযী: ৪৭; নাসাঈ: ১/৭২; দারাকুতনী: ১/৮১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৬: মুসনাদ আহমাদ: ৪/৩৯; আবূ দাউদ: ১১৯; দারেমী: ১/১৭৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ২২৪; আত তায়ালিসী: ১/৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু আবূ হাসান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন